গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৮.০৬.০০১.২০.২৮ তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

বিষয়: **নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৮তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ ।**

সূত্র: বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের পত্র নং- ১১.০০.০০০০.৭১৭.৫২.০১৪(অংশ-২).২১-১৭, তাং: ২৮/০২/২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে ১১ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৮তম বৈঠকে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় (কপি সংযুক্ত) :

| গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা |
|---|---|
| (১) বিগত ১৪-০১-২০২১ তারিখে অনুষ্ঠিত কমিটির ২৭তম বৈঠকের কার্যবিবরণীটি ৮.৪ নং প্যারার "এটি গ্র্যাব ড্রেজারের মাধ্যমে সম্পন্ন করতে হবে" বর্তমানে কর্ণফুলী নদীর নাব্যতা বৃদ্ধিকল্পে 'গ্র্যাব ড্রেজার' দিয়ে নদীর তলদেশ থেকে পলিমাটি, পলিথিন এবং অন্যান্য বর্জ্য অপসারণের কার্যক্রম চলমান রয়েছে" শব্দাবলী প্রতিস্থাপন সাপেক্ষে সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়; | - |
| (২) বাংলাদেশী নাবিকদের বিদেশী জাহাজে চাকরি নিশ্চিত করার জন্য International Maritime Organization (IMO) কনভেনশনের আলোকে ভারতের সাথে Certificate of Competency সংক্রান্ত বিষয়টি দ্রুত সমাধান করে পরবর্তী বৈঠকে জানানোর সুপারিশ করা হয়; | নৌপরিবহন অধিদপ্তর ও জাহাজ শাখা |
| (৩) নৌপরিবহন অধিদপ্তর (ডি.জি.শিপিং) এর সার্ভেয়ারসহ কোন পদে কত জন নিয়োগ প্রদান করা হয়েছে এবং কত সংখ্যক পদ শূন্য আছে তা নির্ধারণ করে দ্রুত নিয়োগ প্রদানের সুপারিশ করা হয়; | নৌপরিবহন অধিদপ্তর ও জাহাজ শাখা |
| (৪) অভ্যন্তরীণ রুটে কত নৌযান চলাচল করছে তাতে কত নাবিক দরকার, বর্তমানে কত নাবিক আছে আর কত লাগবে তা স্ট্যাডি করে নিয়োগ প্রদান এবং প্রশিক্ষণের ব্যবস্থা করার সুপারিশ করা হয়; | নৌপরিবহন অধিদপ্তর ও জাহাজ শাখা |
| (৫) নৌপরিবহন অধিদপ্তর (ডি.জি.শিপিং) এর কোন জমি ভবিষ্যতে কাজে লাগবে, কোন জমি লাগবেনা তা জরিপ করে যেটি কাজে লাগবে সেটি রেখে অভশিষ্ট জমি ভাড়া অথবা বিক্রি করে অবকাঠামোগত উন্নয়ন এবং এই সেক্টরে মানব সম্পদ বৃদ্ধি ও উন্নয়ন সংক্রান্ত প্রকল্পে বিনিয়োগের ব্যবস্থার সুপারিশ করা হয়; | নৌপরিবহন অধিদপ্তর ও জাহাজ শাখা |
| (৬) বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এবং বাংলাদেশী জাহাজ মালিকদের স্বার্থ রক্ষার বিষয়টি বিবেচনায় রেখে সিদ্ধান্ত গ্রহণ করার এবং বিএসসিকে অধিক সংখ্যক জাহাজ ক্রয় ও পণ্য পরিবহণের ব্যবস্থা করার সুপারিশ করা হয়; | বাংলাদেশ শিপিং কর্পোরেশন ও বিএসসি শাখা |
| (৭) জাহাজ হতে জাহাজে, উপকূল হতে জাহাজে এবং জাহাজ হতে উপকূলে যাত্রী পরিবহনের নিরাপদ ও সুব্যবস্থা করার পরামর্শ প্রদান করা হয়; | বাংলাদেশ শিপিং কর্পোরেশন ও বিএসসি শাখা |
| (৮) বাংলাদেশ মেরিন একাডেমীতে একটি ছোট হাসপাতাল/ট্রমা সেন্টার নির্মাণের ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে আলোচনাক্রমে দ্রুত কাজ সম্পন্ন করার সুপারিশ করা হয়; | বাংলাদেশ মেরিন একাডেমী ও নৌশিক্ষা ও প্রশিক্ষণ অধিশাখা |

| | |
|---|---|
| (৯) "বাংলাদেশের সকল নদী এবং নৌরুটের অতীত অবস্থার সাথে বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ" বিষয়ে গঠিত কমিটিকে কাজ করতে নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব কর্তৃক গাইডলাইন প্রদানের সুপারিশ করা হয়। | বিআইডব্লিউটিএ ও টিএ অধিশাখা |

০২। এমতাবস্থায়, নৌপবিরহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৮তম বৈঠকের কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও গৃহীত কার্যক্রমের অগ্রগতি জরুরি ভিত্তিতে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ।



২৪-৩-২০২১
মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব


বিতরণ : জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:
১) চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, হোসাইন টাওয়ার, (১২ তলা) বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর রোড, ১১৬, নয়াপল্টন, ঢাকা-১০০০।
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
৩) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, মোংলা বন্দর কর্তৃপক্ষ
৪) চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ
৫) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
৬) চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
৭) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন
৮) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর
৯) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী
১১) পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর
১২) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
১৩) উপসচিব, টিএ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৪) উপসচিব , নৌশিক্ষা ও প্রশিক্ষণ, নৌপরিবহন মন্ত্রণালয়
১৫) সিনিয়র সহকারী সচিব , জাহাজ-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৬) সিনিয়র সহকারী সচিব , বিএসসি শাখা, নৌপরিবহন

মন্ত্রণালয়
১৭) প্রোগ্রামার, আইসিটি সেল, নৌপরিবহন মন্ত্রণালয়
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৮.০৬.০০১.২০.২৮/১(৩)

তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়
২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়
৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়



২৪-৩-২০২১
মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব

# বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
## কমিটি শাখা-১৭
www.parliament.gov.bd

নং ১১.০০.০০০০.৭১৭.৫২.০১৪(অংশ-২).২১.১৭

তারিখ : ১৫ ফাল্গুন, ১৪২৭ ব.
২৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি.

**বিষয় : নৌ-পরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৮তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

একাদশ জাতীয় সংসদের নৌ-পরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৮তম বৈঠক গত ১১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি./ ২৮ মাঘ, ১৪২৭ ব., তারিখ রোজ বৃহস্পতিবার সকাল-১১:০০ ঘটিকায় সংসদ ভবনের পশ্চিম ব্লকের দ্বিতীয় লেভেলে অবস্থিত কেবিনেট কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকের কার্যবিবরণী আপনার সদয় অবগতির জন্য আদিষ্ট হয়ে এতদ্সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৭ (সাত) পৃষ্ঠা।

২৮/০২/২০২১

(এস.এম.আমিনুল ইসলাম)
সহকারী সচিব (কমিটি-১৭)
ফোন: ৯১২৩২৪৮।

বিতরণ সদয় কার্যার্থে:

১. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মহা-পরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর এর (ডি.জি. শিপিং), ১৪১-১৪৩, মতিঝিল, ঢাকা।

৩. কাউন্সিল অফিসার, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গোপনীয়

# বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

## কমিটি শাখা-১৭

www.parliament.gov.bd

**বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের নৌ-পরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ২৮তম বৈঠকের কার্যবিবরণী।**

সভাপতি: মেজর (অবঃ) রফিকুল ইসলাম, বীরউত্তম, ২৬৪ চাঁদপুর-৫, নৌ-পরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

তারিখ : ১১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি./ ২৮ মাঘ, ১৪২৭ ব.

রোজ : বৃহস্পতিবার

সময় : সকাল ১১: ০০ ঘটিকা।

স্থান : সংসদ ভবনের পশ্চিম ব্লকের দ্বিতীয় লেভেলে অবস্থিত কেবিনেট কক্ষ।

২। **বৈঠকে কমিটির নিম্নবর্ণিত মাননীয় সদস্যগণ উপস্থিত ছিলেন :**

| ক্রমিক | মাননীয় সদস্যবৃন্দের নাম | নির্বাচনী এলাকা | পদবী |
|---|---|---|---|
| ১) | জনাব খালিদ মাহ্‌মুদ চৌধুরী | ৭ দিনাজপুর-২ | সদস্য |
| ২) | জনাব শাজাহান খান | ২১৯-মাদারীপুর-২ | সদস্য |
| ৩) | জনাব মোঃ মজাহারুল হক প্রধান | ১ পঞ্চগড়-১ | সদস্য |
| ৪) | জনাব রনজিত কুমার রায় | ৮৮ যশোর -৪ | সদস্য |
| ৫) | ডাঃ সামিল উদ্দিন আহমেদ শিমুল | ৪৩ চাঁপাইনবাবগঞ্জ-১ | সদস্য |
| ৬) | জনাব মোঃ আছলাম হোসেন সওদাগর | ২৫ কুড়িগ্রাম-১ | সদস্য |
| ৭) | জনাব এস এম শাহজাদা | ১১৩ পটুয়াখালী-৩ | সদস্য |

৩। বৈঠকে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী, নৌ-পরিবহন অধিদপ্তর (ডি.জি.শিপিং) এর মহাপরিচালক কমডোর এ জেড এম জালাল উদ্দিন, বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর ব্যবস্থাপনা পরিচালক কমডোর সুমন মাহমুদ সাব্বির, বাংলাদেশ মেরিন একাডেমির কমান্ড্যান্ট নৌপ্রকৌ.সাজিদ হোসেন সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৪। কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের উপসচিব (এসএসসি) ও কমিটি সচিব ড. মোঃ ওহিদুজ্জামান, মাননীয় সভাপতির একান্ত সচিব উপসচিব ড. দয়াল চাঁন মণ্ডল, সিনিয়র সহকারী সচিব(গণ-সংযোগ) জনাব মোঃ শামছুল হক এবং কমিটি শাখা-১৭ এর সহকারী সচিব জনাব এস.এম. আমিনুল ইসলাম সহ অন্যান্য কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

৫। বৈঠকের আলোচ্যসূচি নিম্নরূপঃ

(ক) কমিটির ২৭তম বৈঠকের কার্যবিবরণী নিশ্চিতকরণ;

(খ) ১) নৌ-পরিবহন অধিদপ্তর (ডি.জি. শিপিং) এর কার্যপরিধি, বিভিন্ন কর্মকাণ্ড এবং উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা;

২) নৌ-পরিবহন অধিদপ্তর (ডি.জি. শিপিং) এর অডিট আপত্তিসমূহ নিয়ে আলোচনা;

(গ) ১) বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর কার্যপরিধি, বিভিন্ন কর্মকাণ্ড এবং উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা;

২) বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর অডিট আপত্তিসমূহ নিয়ে আলোচনা;

(ঘ) বাংলাদেশ মেরিন একাডেমীতে একটি ছোট হাসপাতাল/ ট্রমা সেন্টার নির্মাণের অগ্রগতি সম্পর্কে নৌ-পরিবহন মন্ত্রণালয় কমিটিকে অবহিত করবে;

(ঙ) গত ০১-১২-২০২০ খ্রি. তারিখে ১৪নং চিঠি "বাংলাদেশের সকল নদী এবং নৌরুটের অতীত অবস্থার সাথে বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ" বিষয়ে গঠিত কমিটি সম্পর্কে নৌ-পরিবহন মন্ত্রণালয় কমিটিকে অবহিত করবে;

(চ) বিবিধ।

৬। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বৈঠকের কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি মহান স্বাধীনতায় নেতৃত্বদান ও ভাষা আন্দোলনে অনবদ্য ভূমিকা রাখার জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

৭। আলোচ্যসূচি-(ক) বিগত-১৪-০১-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত কমিটির ২৭তম বৈঠকের কার্যবিবরণী নিশ্চিতকরণ:

৭.১। সভাপতি বিগত ১৪-০১-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত কমিটির ২৭তম বৈঠকের কার্যবিবরণী অনুমোদনের আহ্বান জানালে ৮.৪ নং প্যারার "এটি গ্র্যাব ড্রেজারের মাধ্যমে সম্পন্ন করতে হবে" শব্দাবলীর পরিবর্তে "বর্তমানে কর্ণফুলী নদীর নাব্যতা বৃদ্ধিকল্পে 'গ্র্যাব ড্রেজার' দিয়ে নদীর তলদেশ থেকে পলিমাটি, পলিথিন এবং অন্যান্য বর্জ্য অপসারণের কার্যক্রম চলমান রয়েছে" শব্দাবলী প্রতিস্থাপন করত: উক্ত কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

০৮। আলোচ্যসূচি-খ(১) নৌ-পরিবহন অধিদপ্তর (ডি.জি. শিপিং) এর কার্যপরিধি, বিভিন্ন কর্মকাণ্ড এবং উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং খ-(২) নৌ-পরিবহন অধিদপ্তর (ডি.জি. শিপিং) এর অডিট আপত্তিসমূহ নিয়ে আলোচনাঃ

৮.১। নৌ-পরিবহন অধিদপ্তর (ডি.জি.শিপিং) এর মহাপরিচালক কমডোর এ জেড এম জালাল উদ্দিন কমিটির পেশকৃত কার্যপত্র থেকে তাঁর প্রতিষ্ঠানের চলমান উল্লেখযোগ্য কার্যক্রমসহ সার্বিক কার্যক্রম সম্পর্কে কমিটিকে অবহিত করেন এবং মাল্টিমিডিয়ার মাধ্যমে তা উপস্থাপন করেন। এ সময় তিনি অধিদপ্তরের অতীত ইতিহাস ডি.জি.শিপিং-এর

উপর ন্যাস্ত কার্যাবলীসমূহ, ভিশন, মিশন, জনবল, অর্জিত সাফল্য, উল্লেখযোগ্য প্রকল্পসমূহ, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং অডিট আপত্তি তুলে ধরেন।

তিনি বলেন, নৌ-পরিবহন অধিদপ্তরের প্রয়োজনীয়তার নিরিখে নতুন জনবলের অনুমোদন পাওয়া গেছে। মোট জনবল ৩৮১ জন। তন্মধ্যে কিছু পদ শূন্য রয়েছে। সকল পদের নিয়োগবিধি ও অগ্রানোগ্রাম বর্তমান সময়ের উপযোগী করে প্রণয়ন করা হচ্ছে। নতুন ১৩ জন সার্ভেয়ার এবং ২৫ জন ইন্সপেক্টর নিয়োগ করা হয়েছে। আরও নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। অভ্যন্তরীণ রুটে যে পরিমাণ নাবিক দরকার তা নেই। ইঞ্জিন মাস্টার সহজে পাওয়া যায় না।

সকল জাহাজে ডিজিটাল সার্টিফিকেট দেওয়ার চেষ্টা করা হচ্ছে। এটা করতে পারলে জাহাজ সার্ভে করা, অধিক সংখ্যক নাবিক নিয়োগ দেয়া এবং তাদের প্রশিক্ষণ প্রদান সম্ভব হবে।

বাংলাদেশের নাবিকদের বিদেশী জাহাজে চাকুরি নিশ্চিত করার জন্য আইএমও কনভেনশনের আলোকে বিভিন্ন দেশের সাথে এমওইউ স্বাক্ষর করাসহ এ পর্যন্ত ২৬টি দেশের সাথে Certificate of Competency সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

তিনি কমিটিকে অবহিত করেন যে, নৌ-পরিবহন অধিদপ্তর এবং এর আওতাধীন অফিসসমূহের অনুকূলে বিভিন্ন সময়ে আনীত প্রায় ৩৪ কোটি টাকার ২২টি অডিট আপত্তি ইতোমধ্যে নিষ্পত্তি করা হয়েছে। ২(দুই)টি অডিট আপত্তির নিষ্পত্তি খুব শীঘ্রই করা সম্ভব হবে। নৌ-পরিবহন অধিদপ্তর এর কোনো অডিট আপত্তি পেন্ডিং নেই বলে তিনি উল্লেখ করেন। এরপর তিনি সভাপতি ও মাননীয় সদস্যবৃন্দের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

৮.২। মাননীয় সদস্য জনাব শাজাহান খান বলেন, বাংলাদেশে কর্মরত যারা ভারতের নাবিক তাদেরকে বাংলাদেশ থেকে 'দক্ষতা সনদপত্র' প্রদান করা হয়। কিন্তু বাংলাদেশি নাবিক যারা ভারতে কর্মরত তারা এই সনদপত্র পাচ্ছে না। তাদেরকেও ভারত থেকে এই দক্ষতা সনদপত্র প্রাপ্তির উগ্যোগ গ্রহণ করতে হবে। সকল নৌযানের সার্ভে করার ব্যবস্থা করতে হবে। অধিক সংখ্যক প্রশিক্ষিত নাবিক নিয়োগ করা হলে নৌ-দুর্ঘটনা কমবে। অভ্যন্তরীণ নৌ-পরিবহনের জন্য বর্তমানে চালু জাহাজসহ ভবিষ্যতে আরও কত জাহাজ ও নাবিক দরকার হবে তা যাচাই সাপেক্ষে নাবিক নিয়োগ প্রদান এবং 'নাবিক প্রশিক্ষণকেন্দ্র' বাড়াতে হবে। এরপর তিনি নৌ-পরিবহন অধিদপ্তর এর অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা জমি প্রয়োজনে বিক্রী করে সেই টাকা অধিদপ্তরের উন্নয়নমূলক কাজে ব্যবহারের পরিকল্পনা গ্রহণের পরামর্শ দেন।

৮.৩। মাননীয় সদস্য জনাব মোঃ মজাহারুল হক প্রধান বলেন, বাংলাদেশ ভারতের নাবিকদের সহযোগিতা করছে, আরও করা হবে। কিন্তু ভারত করবে না এটা হতে পারে না। ভারত বাংলাদেশী নাবিকদের সহযোগিতা করলে বাংলাদেশ করবে। ভারত থেকে বাংলাদেশি নাবিকদের প্রাপ্য সুযোগ-সুবিধা আদায়ের ব্যাপারে জি টু জি আলোচনায় সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি পরামর্শ প্রদান করেন। তিনি আরও বলেন, সকল নৌযানের সার্ভে না হওয়ার কারণে

সরকার রাজস্ব হারাচ্ছে। তাই সকল নৌযানের সার্ভে অতিদ্রুত সম্পন্ন করে সরকারের রাজস্ব বৃদ্ধির উপরে তিনি গুরুত্বারোপ করেন।

৮.৪। নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী বলেন, বাংলাদেশ থেকে ভারতীয় মেরিনারদের কোনো সনদ দেয়া হয় না। তাদের শুধু ভারতীয় সনদকে স্বীকৃতি প্রদান করা হয়। তারা যোগ্য হলে চাকরি করতে পারবে। ভারত বাংলাদেশের বন্ধুপ্রতীম রাষ্ট্র। বাংলাদেশি মেরিনারদের সুযোগ-সুবিধা প্রদানের ব্যাপারে ভারত সরকার পজেটিভ। তবে দাবিটি আস্তে আস্তে পূরণ হবে এবং Certificate of Competency পাওয়া যাবে বলে তিনি জানান।

৮.৫। মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহমুদ চৌধুরী বলেন, এটি দ্বি-পাক্ষিক বিষয়। এখানে এ ব্যাপারে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া সঠিক হবে না। বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। দুই দেশের সমন্বয়ে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত হবে। বিষয়টির ব্যাপারে ভারত সরকারের সাথে আলোচনা চলছে। পরবর্তীতে সচিব সভায় বিষয়টির ব্যাপারে গুরুত্বসহকারে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত নেয়ার জন্য তিনি কমিটির সুপারিশ কামনা করেন।

৮.৬। সভাপতি বলেন, ভারতীয় নাবিকরা বাংলাদেশ থেকে সুবিধা গ্রহণ করছে। কিন্তু বাংলাদেশি নাবিকরা দীর্ঘ ২০ বছরেও তাদের প্রাপ্য সুযোগ-সুবিধা ভারত থেকে পাচ্ছে না। কমিটির পরবর্তী বৈঠকের পূর্বে বিষয়টি সমাধান করে কমিটিকে অবহিত করার জন্য তিনি পরামর্শ দেন। তিনি বলেন, ভারতীয় নাবিকদের বাংলাদেশ থেকে যেসব সুযোগ-সুবিধা প্রদান করা হয় দেশের স্বার্থে বাংলাদেশি নাবিকদেরও অনুরূপ সুযোগ-সুবিধা প্রদানের জন্য ভারত সরকারের সাথে আলোচনা করতে হবে। তিনি আরও বলেন, অভ্যন্তরীণ নৌপথে কতসংখ্যক জাহাজ চালাচল করছে, কতসংখ্যক নাবিক আছে, আগামী ৫ বছরে আরও কতসংখ্যক জাহাজ এর সাথে যুক্ত হবে, এজন্য আরও কত নাবিক দরকার হবে তা নির্নয় করা দরকার। তাছাড়া বিদ্যমান ট্রেনিং সেন্টারগুলোতে ট্রেনিং ক্যাপাসিটি কত, আর কতটি প্রশিক্ষণ কেন্দ্র বাড়াতে হবে ইত্যাদি স্ট্যাডিসাপেক্ষে প্রয়োজনীয় ট্রেনিং সেন্টার স্থাপনের উপর তিনি গুরুত্বারোপ করেন। তাছাড়া নৌ-পরিবহন অধিদপ্তর এর অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা যেসব জমি ব্যবহারে আসছে না বা ভবিষ্যতেও আসবে না, সেসব জমি যথাযথ কর্তৃপক্ষের অনুমতিসাপেক্ষে বিক্রি করে সেই টাকা দ্বারা বিভিন্ন উন্নয়নমূলক এবং এই সেক্টরে মানব সম্পদ উন্নয়নমূলক প্রকল্প গ্রহণের জন্য তিনি আহ্বান জানান।

**০৯। আলোচ্যসূচি-গ(১) বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর কার্যপরিধি, বিভিন্ন কর্মকাণ্ড উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং গ(২) বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর অডিট আপত্তিসমূহ সম্পর্কে আলোচনা:**

৯.১। সভাপতির আহ্বানক্রমে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর ব্যবস্থাপনা পরিচালক কমডোর সুমন মাহমুদ সাব্বির কার্যপত্রের আলোকে বিএসসি'র প্রতিষ্ঠা, বিদ্যমান বিভিন্ন জাহাজ, গৃহীত কার্যক্রমের বর্তমান অবস্থাসহ সার্বিক কার্যক্রম ও ভবিষ্যত পরিকল্পনা মাল্টিমিডিয়ার মাধ্যমে উপস্থাপন করেন। তিনি বলেন, চীন থেকে নতুন ৬টি জাহাজ কেনা হয়েছে। ফলে বিএসসি'র নৌ-বহরে পুরাতন ২টি জাহাজসহ জাহাজের সংখ্যা হয়েছে মোট

৮টি। চীন থেকে আরো ৬টি জাহাজ সংগ্রহের প্রস্তুতি চলছে। এরপর তিনি সভাপতি ও মাননীয় সদস্যবৃন্দের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

৯.২। মাননীয় সদস্য জনাব শাজাহান খান সংগৃহীত ৬টি নতুন জাহাজের অগ্রগতি সম্পর্কে জানতে চান। তিনি বলেন, বিএসসি'র ব্যবসা করার যথেষ্ঠ সুযোগ রয়েছে। এটা করা যেতে পারে। তিনি বিএসসি'র আয় বৃদ্ধির লক্ষ্যে যতদ্রুত সম্ভব এলপিজি এবং কয়লা বহনকারী জাহাজসহ আরও অন্যান্য জাহাজের সংখ্যা বাড়ানোর প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার উপরে গুরুত্বারোপ করেন।

৯.৩। মাননীয় সদস্য ও প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহ্‌মুদ চৌধুরী বলেন, বিএসসিকে অবহিত না করেই বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় ওমানের সাথে ২০২৮ সাল পর্যন্ত এবং কাতারের সাথে ২০৩২ সাল পর্যন্ত এলএনজি বহন করার চুক্তি স্বাক্ষর করেছে। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সাথে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের এখনই এমওইউ স্বাক্ষর করা খুব জরুরি বলে তিনি জানান।

৯.৪। সভাপতি বলেন, বিএসসি এবং বাংলাদেশী জাহাজ মালিকদের স্বার্থ রক্ষা করতে হবে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় ওমান এবং কাতারের সাথে ২০২৮ ও ২০৩২ সাল মেয়াদী যে চুক্তি করেছে তা বাংলাদেশের বানিজ্যিক স্বার্থের অনুকূলে কিনা তা পর্যালোচনা প্রয়োজন। এই চুক্তির ব্যাপারে সঠিক সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রীর নজরে নেয়া যেতে পারে। উক্ত চুক্তিতে কী আছে তা দেখে বিএসসিকে জাহাজ ক্রয়ের সুযোগ দেয়া এবং সেই সাথে বিএসসি'র জাহাজে এলএনজি বহন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি মাননীয় নৌ-পরিবহন প্রতিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন।

**১০। আলোচ্যসূচি-(ঘ) বাংলাদেশ মেরিন একাডেমীতে একটি ছোট হাসপাতাল/ ট্রমা সেন্টার নির্মাণের অগ্রগতি সম্পর্কে নৌ-পরিবহন মন্ত্রণালয় কমিটিকে অবহিত করবে:**

১০.১। সভাপতির আহ্বানক্রমে বাংলাদেশ মেরিন একাডেমীর কমান্ড্যান্ট নৌপ্রকৌ. সাজিদ হাসেন বৈঠকে উপস্থাপিত কার্যপত্রের আলোকে বাংলাদেশ মেরিন একাডেমীতে একটি ছোট হাসপাতাল/ট্রমা সেন্টার নির্মাণের অগ্রগতি সম্পর্কে কমিটিকে অবহিত করেন। তিনি বলেন, বাংলাদেশ মেরিন একাডেমীতে ২০ শয্যা বিশিষ্ট একটি ছোট হাসপাতাল/ট্রমা সেন্টার নির্মাণের লক্ষ্যে সংশ্লিষ্টদের সমন্বয়ে নির্বাহী কার্য সম্পাদনের জন্য একটি কমিটি গঠিত হয়েছে। কমিটির প্রতিবেদন পাওয়ার পর প্রকল্প গ্রহণ করা হবে। কমিটির কাজ চূড়ান্ত পর্যায়ে আছে বলে তিনি জানান।

১০.২। নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী বলেন, বাংলাদেশ মেরিন একাডেমীতে একটি ছোট হাসপাতাল/ট্রমা সেন্টার নির্মাণের ব্যাপারে কমিটির দিকনির্দেশনা পাওয়া গেছে। নীতিগতভাবে এই হাসপাতাল নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই হাসপাতাল/ ট্রমা সেন্টার নির্মাণ করা হবে বলে তিনি জানান।

১০.৩। সভাপতি বাংলাদেশ মেরিন একাডেমীতে একটি ছোট হাসপাতাল/ ট্রমা সেন্টার নির্মাণের ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে আলোচনাক্রমে দ্রুত কাজ সম্পন্ন করার আহ্বান জানান।

**১১। আলোচ্যসূচি-(ঙ) গত ০১-১২-২০২০ খ্রি. তারিখে ১৪নং চিঠি "বাংলাদেশের সকল নদী এবং নৌরুটের অতীত অবস্থার সাথে বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ" বিষয়ে গঠিত কমিটি সম্পর্কে নৌ-পরিবহন মন্ত্রণালয় কমিটিকে অবহিত করবে;**

১১.১। সভাপতি দেশের নদীসমূহের অতীত অর্থাৎ ১৯৪৭ সালের অবস্থা এবং বর্তমান অবস্থার বাস্তবচিত্র তুলে ধরার লক্ষ্যে গঠিত কমিটিকে অতিদ্রুত ইহার প্রতিবেদন কমিটিতে উপস্থাপন এবং "বাংলাদেশের সকল নদী এবং নৌরুটের অতীত অবস্থার সাথে বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ" বিষয়ে গঠিত কমিটিকে কাজ করতে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব কর্তৃক গাইডলাইন প্রদানের আহ্বান জানান।

**১২। আলোচ্যসূচি-(চ) বিবিধঃ**

১২.১। মাননীয় সদস্য জনাব শাজাহান খান বলেন, গত বর্ষা মৌসুমে পদ্মা নদী পারাপারে ফেরি চলাচলে অনেক বিঘ্ন সৃষ্টি হওয়ায় দেশের দক্ষিণাঞ্চলের বিশেষকরে মাদারীপুরের জনগণ অনেক সমস্যার সম্মুখীন হয়েছিল। তাই এবছর বর্ষা মৌসুমে যাতে সেই সমস্যার পুনরাবৃত্তি না ঘটে এবং জনগণ যাতে স্বাভাবিক ও সহজভাবে নদী পার হতে পারে সে ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তিনি অনুরোধ জানান।

১২.২। মাননীয় সদস্য জনাব মোঃ মজাহারুল হক প্রধান বলেন, তাঁর নির্বাচনি এলাকার বাংলাবান্ধা রেল যোগাযোগের আওতায় আনা হয়েছে। বাংলাবান্ধা রেল ষ্টেশনটি নবনির্মিত বাংলাবান্ধা স্থলবন্দরের ইয়ার্ড সংলগ্ন হবে বিধায় স্থলবন্দরের ইয়ার্ডের জায়গা সীমিত হয়ে যাবে। তাই বন্দরের ইয়ার্ডের আয়তন আরও বাড়ানোর জন্য এখনই প্রয়োজনীয় জমি অধিগ্রহণের জন্য তিনি প্রস্তাব করেন।

১২.৩। । সভাপতি বলেন, চট্টগ্রাম-সেন্টমার্টিন রুটে নতুনভাবে চালু 'ক্রুজশীপ' জাহাজটি বড়। ছোট জাহাজের মাধ্যমে সেই বড় 'ক্রুজশীপে' যাত্রী উঠানামা করে বলে জানা আছে। এ ব্যাপারে পত্রিকায় ছবিসহ একটি খবর প্রকাশিত হয়েছে। এটি অত্যন্ত বিপদজনক এবং যে কোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে। তাই তিনি ছোট জাহাজ থেকে বড় জাহাজে যাত্রী উঠানামার নিরাপদ ব্যবস্থা নিশ্চিত করার এবং জাহাজ হতে জাহাজে, উপকূল হতে জাহাজে ও জাহাজ হতে উপকূলে যাত্রী পরিবহনের নিরাপদ ও সুব্যবস্থা করার আহ্বান জানান।

**১৩।<u>বিস্তারিত আলোচনান্তে বৈঠকে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশসমূহ গৃহীত হয় :</u>**

(১) বিগত ১৪-০১-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত কমিটির ২৭তম বৈঠকের কার্যবিবরণীটি ৮.৪ নং প্যারার "এটি গ্র্যাব ড্রেজারের মাধ্যমে সম্পন্ন করতে হবে" শব্দাবলীর পরিবর্তে "বর্তমানে কর্ণফুলী নদীর নাব্যতা বৃদ্ধিকল্পে 'গ্র্যাব ড্রেজার' দিয়ে নদীর তলদেশ থেকে পলিমাটি, পলিথিন এবং অন্যান্য বর্জ্য অপসারণের কার্যক্রম চলমান রয়েছে" শব্দাবলী প্রতিস্থাপন সাপেক্ষে সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়;

(২) বাংলাদেশী নাবিকদের বিদেশী জাহাজে চাকরি নিশ্চিত করার জন্য International Maritime Organization(IMO) কনভেনশনের আলোকে ভারতের সাথে Certificate of Competency সংক্রান্ত বিষয়টি দ্রুত সমাধান করে পরবর্তী বৈঠকে জানানোর সুপারিশ করা হয়;

(৩) নৌ-পরিবহন অধিদপ্তর (ডি.জি. শিপিং) এর সার্ভেয়ারসহ কোন্ পদে কত জন নিয়োগ প্রদান করা হয়েছে এবং কত সংখ্যক পদ শূন্য আছে তা নির্ধারণ করে দ্রুত নিয়োগ প্রদানের সুপারিশ করা হয়;

(৪) অভ্যন্তরীণ রুটে কত নৌ-যান চলাচল করছে তাতে কত নাবিক দরকার, বর্তমানে কত নাবিক আছে আর কত লাগবে তা স্ট্যাডি করে নিয়োগ প্রদান এবং প্রশিক্ষণের ব্যবস্থা করার সুপারিশ করা হয়;

(৫) নৌ-পরিবহন অধিদপ্তর (ডি.জি. শিপিং) এর কোন্ জমি ভবিষ্যতে কাজে লাগবে, কোন্ জমি লাগবেনা তা জরিপ করে যেটি কাজে লাগবে সেটি রেখে অবশিষ্ট জমি ভাড়া অথবা বিক্রি করে অবকাঠামোগত উন্নয়ন এবং এই সেক্টরে মানব-সম্পদ বৃদ্ধি ও উন্নয়ন সংক্রান্ত প্রকল্পে বিনিয়োগের ব্যবস্থার সুপারিশ করা হয়;

(৬) বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এবং বাংলাদেশী জাহাজ মালিকদের স্বার্থ রক্ষার বিষয়টি বিবেচনায় রেখে সিদ্ধান্ত গ্রহণ করার এবং বিএসসিকে অধিক সংখ্যক জাহাজ ক্রয় ও পণ্য পরিবহণের ব্যবস্থা করার সুপারিশ করা হয়;

(৭) জাহাজ হতে জাহাজে, উপকূল হতে জাহাজে এবং জাহাজ হতে উপকূলে যাত্রী পরিবহনের নিরাপদ ও সুব্যবস্থা করার পরামর্শ প্রদান করা হয়;

(৮) বাংলাদেশ মেরিন একাডেমীতে একটি ছোট হাসপাতাল/ ট্রমা সেন্টার নির্মাণের ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে আলোচনাক্রমে দ্রুত কাজ সম্পন্ন করার সুপারিশ করা হয়;

(৯) "বাংলাদেশের সকল নদী এবং নৌরুটের অতীত অবস্থার সাথে বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ" বিষয়ে গঠিত কমিটিকে কাজ করতে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব কর্তৃক গাইডলাইন প্রদানের সুপারিশ করা হয়।

১৪। অতঃপর আর কোনো বিষয় উত্থাপিত না হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

RIslam 25/2/2021

মেজর (অবঃ) রফিকুল ইসলাম, বীর উত্তম, এমপি
সভাপতি
নৌ-পরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।